

Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 17 April, 2025

২০২৫ সালের বিশ্বের প্রভাবশালী ১০০ ব্যক্তির তালিকা প্রকাশ করেছে যুক্তরাষ্ট্রের সাময়িকী 'টাইম'। এ তালিকায় স্থান পেয়েছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ও শান্তিতে নোবেল বিজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনুস। তাঁর নাম রয়েছে 'লিডারস' ক্যাটাগরিতে।

বুধবার 'দ্য ১০০ মোস্ট ইনফ্লুয়েন্সিয়াল পিপল ২০২৫' শীর্ষক তালিকা প্রকাশ করে ম্যাগাজিনটি। তালিকায় ড. ইউনুসকে নিয়ে লিখেছেন যুক্তরাষ্ট্রের সাবেক পররাষ্ট্রমন্ত্রী ও মার্কিন সিনেটর হিলারি ক্লিনটন।

ড. মুহাম্মদ ইউনুসের বিষয়ে বলা হয়েছে, শিক্ষার্থীদের নেতৃত্বে গণঅভ্যুত্থানের মুখে গত বছর স্বৈরাচারী প্রধানমন্ত্রীর পতন হলে বাংলাদেশকে গণতন্ত্রের পথে এগিয়ে নেওয়ার দায়িত্ব কাঁধে তুলে নেন এক সুপরিচিত নেতা। তিনি হলেন শান্তিতে নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনুস।

ওই তালিকায় মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স, স্পেসএক্সের প্রতিষ্ঠাতা ও ট্রাম্প প্রশাসনের সদস্য ইলন মাস্ক, ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার, মেক্সিকোর প্রেসিডেন্ট ক্লডিয়া শেইনবাম, আর্জেন্টিনার প্রেসিডেন্ট হাবিয়ের মিলেই, সিরিয়ার প্রেসিডেন্ট আহমেদ আল-শারাও রয়েছে।

হিলারি লেখেন, আগেই গ্রামীণ ব্যাংক প্রতিষ্ঠা করে বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীকে ক্ষুদ্রঋণের মাধ্যমে ক্ষমতায়নের পথ দেখিয়েছিলেন ড. ইউনুস। তাঁর এই উদ্যোগের সুফল পেয়েছে লাখে মানুষ- যাদের ৯৭ শতাংশ নারী। তারা নিজ উদ্যোগে ব্যবসা শুরু করায় তারা স্বাবলম্বী হয় এবং পরিবারের ভরণপোষণের দায়িত্ব পালন করে সমাজে মর্যাদার আসনে প্রতিষ্ঠা করে।

হিলারি ক্লিনটন মুখবন্ধে বলেন, 'ইউনুসের সঙ্গে আমার প্রথম দেখা হয় আরকানসাসে। তখন এই অঙ্গরাজ্যের গভর্নর ছিলেন বিল ক্লিনটন। আমরা যুক্তরাষ্ট্রেও একই ধরনের (ক্ষুদ্রঋণ) কর্মসূচি চালু করতে তাঁর সহায়তা চেয়েছিলাম। এর পর আমি বিশ্বের অনেক জায়গায় গিয়েছি। পৃথিবীর বিভিন্ন প্রান্তে তাঁর কাজের অসাধারণ প্রভাব নিজ চোখে দেখেছি। তাঁর কারণে মানুষের জীবন বদলেছে। সমাজে উন্নয়ন এসেছে, মানুষ আশা দেখার সুযোগ পেয়েছে।

প্রতি বছর বিশ্বের প্রভাবশালী ১০০ ব্যক্তির তালিকা প্রকাশ করে থাকে এই সাময়িকী। আগের বছর ২০২৪ সালে টাইম ম্যাগাজিনের 'টাইম-১০০ নেস্ট' ২০২৪ তালিকায় স্থান পেয়েছিলেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক নাহিদ ইসলামের নাম।

টাইম ম্যাগাজিনের তালিকাটি বিভিন্ন শ্রেণিতে ভাগ করা হয়েছে। শ্রেণিগুলো হলো আর্টিস্ট, আইকন, লিডার, টাইটান, পায়োনিয়ার ও ইনোভেটর।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 03:53

URL: <https://timestodaybd.com/national/775807942>